সমকাল

তারিখ ... 6 AUG. 201.. ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৮ ......

# ঢাবির বিএইচএমএস কোর্স ফার্মাসি অনুষদের অধীনে দাবি

■ সমকাল প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাসি অনুষদের অধীনে থাকা ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন অ্যান্ড সার্জারি কোর্সকে (বিএইচএমএস) মেডিসিন অনুষদে নেওয়ার প্রতিবাদ জানিয়েছে হোমিও পেশাজীবী সমিতি বাংলাদেশ। একই সঙ্গে ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন অ্যান্ড সার্জারি কোর্সকে ফার্মাসি অনুষদের অধীনেই রাখার দাবি জানিয়েছে সংগঠনটি। গতকাল শনিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে এক মানববন্ধনে সংগঠনটি এ দাবি জানায়।

সংগঠনের সভাপতি ডা. আব্দুর রাজ্জাক তালুকদারের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন কার্যকরী সভাপতি ডা. নজরুল ইসলাম, মহাসচিব ডা. আমানউল্লাহ জিকু, ডা. ছানারুল ইসলাম প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর